



সমৃদ্ধ ইউরেনিয়াম নিয়ে যুক্তরাষ্ট্রকে ছাড় দিতে নারাজ ইরান



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে চলমান যুদ্ধ বন্ধে কূটনৈতিক তৎপরতা জোরালো হলেও নিজেদের পারমাণবিক কর্মসূচি নিয়ে কঠোর অবস্থানে রয়েছে ইরান। দেশটি থেকে এক গ্রাম সমৃদ্ধ ইউরেনিয়ামও সরানো হবে না বলে জানিয়েছেন ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের সচিব মোহসেন রেজায়ি। মঙ্গলবার গভীর রাতে পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনিরের সঙ্গে বৈঠকের পর এ অবস্থানের কথা জানান রেজায়ি। যুদ্ধের অবসান ও ইয়েমেন পরিস্থিতি নিয়ে আলোচনার অংশ হিসেবে বুধবার তেহরানে ছিলেন মুনির।

রেজায়ি স্পষ্ট করে হুশিয়ারি দেন, আন্তর্জাতিক পর্যবেক্ষকদের তত্ত্বাবধানে ইরানের ভেতরেই উচ্চমাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়ামের মাত্রা কমানোর বিষয়টি বিবেচনা করা যেতে পারে। তবে ইউরেনিয়াম দেশের বাইরে সরিয়ে নেওয়ার প্রস্তাবে তিনি সম্মতি দেননি। এর আগে ইরান নিজ ভূখণ্ডে সমৃদ্ধকরণের মাত্রা কমানোর প্রস্তাব দিয়েছিল। ইরানের পারমাণবিক কর্মসূচিকে দেশটির কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরে সার্বভৌম অধিকার ও জাতীয় অর্জন হিসেবে তুলে ধরে আসছে। মঙ্গলবার রেজায়ি এই কর্মসূচিকে ‘জাতীয় সম্পদ’ বলে অভিহিত করেন।

ইরান কমমাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়াম বেসামরিক খাতেও ব্যবহার করে। এর মধ্যে রয়েছে রেডিওফার্মাসিউটিক্যালস উৎপাদন এবং রাশিয়ার সহযোগিতায় বুশেহর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে বিদ্যুৎ উৎপাদন।

এদিকে যুক্তরাষ্ট্রের শর্ত মেনে নেওয়া না হলে যুদ্ধের অবসান এবং হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার বিষয়ে তেহরান সম্মত হবে না বলে জানিয়েছে ইরান। দেশটির কর্তৃপক্ষের যুক্তি, সামরিক চাপের মুখে পারমাণবিক কর্মসূচি ছেড়ে দেওয়া আত্মসমর্পণের শামিল। ভবিষ্যতে নতুন হামলার ঝুঁকি থেকে সুরক্ষার নিশ্চয়তা ছাড়া এমন ছাড় দেওয়া হবে না বলেও তাদের অবস্থান।